

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১২.০৩০.১৯-২৩৮

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬
১০ অক্টোবর ২০১৯


বিষয়: রূপসী নিউ মডেল স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।

সূত্র: (১) ৯৭/১৮২/ক-৩/অডিট-২০১৫/৫৫৮; তারিখ: ২১/০৮/২০১৭ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)
(২) ডিআইএ/নারায়ণগঞ্জ/২৬০৫-সি/ঢাকা-৮৭৫৩; তারিখ: ২৯/০৬/২০১৬ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক নারায়ণগঞ্জ জেলার রূপসী উপজেলাধীন রূপসী মডেল স্কুল এন্ড কলেজটি বিগত ১৩/০৩/২০১৬ খ্রি. পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিম্নবর্ণিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:

- ক. অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি নেই;
- খ. ফাইল রেজিস্ট্রার, নিয়োগ রেজিস্ট্রার, ছুটি রেজিস্ট্রার, স্টক রেজিস্ট্রার, ডেসপাচ রেজিস্ট্রার, চেক রেজিস্ট্রার, চাঁদ আদায়ের রশিদ বইয়ের রেজিস্ট্রার ও সাবসিডিয়ারী রেজিস্ট্রার চালু নেই;
- গ. ক্রয় কমিটি নেই;
- ঘ. সকল আয়-ব্যয় কমিটির অনুমোদন সাপেক্ষে হয়না;
- ঙ. প্রযোজ্য সকল ক্ষেত্রে স্পট কোটেশন ও টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করতে হবে;
- চ. প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট কর্তন করা হয় না;
- ছ. প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন সব ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পন্ন হয় না;
- জ. ব্যয়ের ভাউচার সমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হয় না;
- ঝ. অধ্যক্ষ নিয়মিত ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করেননা;
- ঞ. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা হয় না;
- ট. অত্র প্রতিষ্ঠানের বাৎসরিক বাজেট প্রণয়নের মাধ্যমে আয়-ব্যয় পরিচালনা করা হয় না;
- ঠ. অত্র প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল খোলা নেই

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।


মো. রাহেদ হোসেন
উপসচিব
ফোন: ৯৫৪৬৫৬৩

বিতরণ:

১। উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। অধ্যক্ষ, রূপসী নিউ মডেল স্কুল এন্ড কলেজ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৪। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ

৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

৬। চেয়ারম্যান, গভর্নিং বডি, রূপসী নিউ মডেল স্কুল এন্ড কলেজ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৭। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

৮। যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

৯। অফিস কপি।